



# উত্তরা ব্যাংক লিমিটেড

আঞ্চলিক কার্যালয়, ঢাকা কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা-১০০০।  
অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) নং ধারার বিধান মতে

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সিরাজুল ইসলাম ব্যাপারী, পিতা-মৃত আবদুল মজিদ ব্যাপারী, মাতা-হায়াতুননেসা, ৪৩০, দক্ষিণ দনিয়া নুরপুর কদমতলী, ঢাকা। উক্ত প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক লিমিটেড, মহিলা শাখা, ঢাকা হইতে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা বাড়ী মেরামত ও সাজসজ্জা ঋণ গ্রহণ করেন। ঋণের জামানত হিসাবে তিনি তার নিজ নামীয় নিম্ন তফসীলভুক্ত সম্পত্তি বন্ধক রাখেন। বারবার তলব তাগাদা দিয়াও ঋণ গ্রহীতার নিকট হইতে ব্যাংক টাকা আদায় করিতে পারে নাই। বিগত ২০.০১.২০২০ ইং তারিখ পর্যন্ত হিসাব মতে তাহার নিকট ব্যাংকের ১৮,৫২,১২৯.৯০ (আঠারো লক্ষ বায়ান্ন হাজার একশত ঊনত্রিশ টাকা নব্বই পয়সা) মাত্র পাওনা হইয়াছে। ঋণ গ্রহণের সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতা বন্ধকীকৃত সম্পত্তি বিক্রী করার ক্ষমতা ব্যাংক কে প্রদান করেন। তাহার প্রদত্ত ক্ষমতা বলে এবং আইনের বিধান মতে নিম্ন তফসীল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রী করার জন্য সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগ্রহী ক্রেতাপণ কর্তৃক আগামী ০২/০৩/২০২০ ইং তারিখ বেলা ১ (এক) ঘটিকার মধ্যে উত্তরা ব্যাংক লিঃ, মহিলা শাখা, ১, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০ রক্ষিত বাসে দরপত্র জমা করিতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখিয়া রেজিষ্ট্রি ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করিতে হইবে এবং ঐ দিন বেলা ৩ (তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাহার প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক লিমিটেড এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সহিত দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করিতে হইবে :

| দরপত্রের উদ্ধৃত মূল্য                             | জামানত | বাকী টাকা পরিশোধের সময়                    |
|---|--------|--|
| অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-                         | ২০%    | দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন |
| টাকা ১০,০০,০০১/- হতে<br>অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/- | ১৫%    | দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিন   |
| টাকা ৫০,০০,০০০/- এর অধিক                          | ১০%    | দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিন |

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোক্ত সময়ে মধ্য বাকী টাকা পরিশোধে ব্যর্থ হইলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী, প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তাহা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবে না। ইহা ছাড়া দরপত্র দাতাকে রেজিষ্ট্রেশন সংক্রান্ত খরচ, স্টাম্প ডিউটি ও অন্যান্য গুলি খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

### তফসীল

জেলা-ঢাকা, থানা-কদমতলীঃ, সাবরেজিষ্ট্রি অফিস-ডেমরা, মৌজা-দনিয়া, দাগ নং- সি.এস ও এস.এ-৪৩০, আর.এস-১০০৭, সিটি জরিপ-৫৬৮৬, খতিয়ান নং- এস.এ-৬৫৫, সি.এস-৫৬৮, আর.এস-২২১, মিউটেশন-২৭৭৯, জেএল নং সি.এস-৩৩৩, এস.এস-১৫৩, আর.এস-২৪, সিটি জরিপ-৩০, সিটি জরিপ-৯৫৬২, ৩.৬৮ শতাংশ আবাসিক ভূমি দোতলা বাড়ী সাফ কাবলা সম্পত্তি বটে। যাহার চৌহদ্দি : উত্তরে- জনাব খান শাহীনের আলমের বাড়ী, দক্ষিণে- কাচা রোড, পূর্বে-কাচা রোড এবং পশ্চিমে- জনাব শামছুল আলম তাহেরীর বাড়ী।

আঞ্চলিক মহা ব্যবস্থাপক

ও

চেয়ারম্যান, টেন্ডার কমিটি।